লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2023

## BNGACOR13T-BENGALI (CC13)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ — ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে।)

**একক-১**

(ক) কালিদাস রচিত নাটকগুলির নাম লেখো। উক্ত নাটকগুলির মধ্যে কোনটিকে তুমি শ্রেষ্ঠ বলে মনে করো, সে সম্পর্কে আলোচনা করো। — ৩+১+৬

**অথবা**

(খ) 'গীতগোবিন্দ' কাব্য অবলম্বনে কবি জয়দেবের কবি প্রতিভার পরিচয় দাও। — ১০

**একক-২**

(গ) শেক্সপীয়র রচিত দুটি ট্র্যাজেডি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এই শ্রেণির নাটক রচনায় শেক্সপীয়রের কৃতিত্বের মূল্যায়ন করো। — ৪+৬

**অথবা**

(ঘ) ঔপন্যাসিক হিসেবে ডিকেন্সের প্রতিভার মূল্যায়ন করো। বাংলা সাহিত্যে তার প্রভাব আলোচনা করো। — ৬+৪

**একক-৩**

(ঙ) বাস্তব সমাজকেন্দ্রিক ছোটগল্প রচনায় মুন্সী প্রেমচাঁদের কৃতিত্ব নিরূপণ করো। — ১০

**অথবা**

(চ) হিন্দি কাব্য সাহিত্যের ইতিহাসে ভারতেন্দু হরিশ্চন্দ্রের অবদান আলোচনা করো। — ১০

**একক-৪**

(ছ) অসমীয়া নাট্য সাহিত্যে পদ্মনাথ গোঁহাই বড়ুয়ার কৃতিত্ব বিচার করো। — ১০

**অথবা**

(জ) অসমীয়া কাব্য সাহিত্যে নলিনীবালা দেবীর অবদান বিষয়ে লেখো। — ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষেপে উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *একটি*) ৫

মেঘদূত, মৃচ্ছকটিক, উত্তর রামচরিত।

(খ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *একটি*) ৫

দ্য ওয়েভারলি, ম্যান অ্যাণ্ড সুপার ম্যান, প্যারাডাইস লস্ট।

(গ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *একটি*) ৫

অতীত কী চলচিত্র, কুকুরমুত্তা, গোদান।

(ঘ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *একটি*) ৫

অসমীয়া কাব্য সাহিত্যে চন্দ্রধর বড়ুয়া,
অসমীয়া নাট্য সাহিত্যে কমলেশ্বর চলিহা এবং
অসমীয়া ছোটগল্পে লক্ষ্মীনাথ ফুকন।

——×——

लक्ष्यं शिखरमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Programme 6th Semester Examination, 2023

## BNGGDSE04T-BENGALI (DSE2)

## বাংলা নাটক ও প্রহসন

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

### একক-১

(ক) ‘সধবার একাদশী’ প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) ‘এমন কর্ম আর করব না’ প্রহসনে চিত্রিত অলীকবাবু চরিত্রটি আলোচনা করো। ১০

### একক-২

(গ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকটি ঐতিহাসিক নাটক হিসাবে কতখানি সার্থক হয়ে উঠেছে, তা দেখাও। ১০

অথবা

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের ‘সিরাজদ্দৌলা’ নাটকে জহুরা চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১০

### একক-৩

(ঙ) ‘চণ্ডালিকা’ নাটকটির মূল উৎস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে নাটকটি মূলের প্রকৃত অনুসরণ কিনা বুঝিয়ে দাও। ৫+৫

অথবা

(চ) ‘চণ্ডালিকা’ নাটকের সংলাপ কতটা শিল্পসম্মত হয়েছে, তা আলোচনা করো। ১০

### একক-৪

(ছ) ‘কারাগার’ নাটকের কংস চরিত্রটির অভিনবত্ব বিচার করো। ১০

অথবা

(জ) পৌরাণিক নাটকরূপে মন্মথ রায়ের ‘কারাগার’ কতখানি সার্থক সে বিষয়ে তোমার যুক্তি দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) 'আমি জগতের সামনে শেষবার বলছি, এই বন্দীই আমার প্রাণেশ্বর।' —উক্তিটির বক্তা কে ? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(খ) 'শিরায় শিরায় অগ্নি ! —ছিঃ ছিঃ এত অদৃষ্টে ছিল, আমিনার বাঁদী হলেম।' —উক্তিটি কার ? আমিনা কে ? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য লেখো। ১+১+৩

(গ) 'কেবল একটি গণ্ডূষ জল নিলেন আমার হাত থেকে, অগাধ অসীম হল সেই জল।' —কে, কার হাত থেকে জল নিয়েছিলেন ? বক্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

(ঘ) 'ঐ দৈববাণী ব্যর্থ করবার জন্য আমাকে প্রতিশ্রুতি দিতে হল।' —কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লেখো। ১+৪

——×——

লক্ষ্যং বিদ্যমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2023

## BNGADSE04T-BENGALI (DSE3/4)

## বাংলা নাটক ও নাট্যভাবনা

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০× ৪ = ৪০

**একক-১**

(ক) নবনাট্য আন্দোলন সম্পর্কে শম্ভু মিত্রের অভিমত 'নবনাট্যের বিচার' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

(খ) 'ন্যাশানাল থিয়েটার' প্রবন্ধ অবলম্বনে এই থিয়েটার বিষয়ে শম্ভু মিত্রের অভিমত ব্যক্ত করো। ১০

**একক-২**

(গ) 'চন্দ্রগুপ্ত' নাটকের উপকাহিনি ক'টি ? এই নাটকে পরিবেশিত উপকাহিনিগুলির প্রাসঙ্গিকতা বিচার করো। ১০

**অথবা**

(ঘ) 'চন্দ্রগুপ্ত' নাটকের নারী চরিত্র সৃষ্টিতে নাট্যকারের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১০

**একক-৩**

(ঙ) প্রচলিত নাট্যধারায় 'ফেরারী ফৌজ' নাটকটি এক অভিনব সংযোজন — আলোচনা করো। ১০

**অথবা**

(চ) 'ফেরারী ফৌজ' নাটকের রাধা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

**একক-৪**

(ছ) 'ফুল্লকেতুর পালা' নাটকে নিম্নবর্গের গোষ্ঠীবদ্ধ জীবনচেতনাকে কীভাবে তুলে ধরা হয়েছে — তার বর্ণনা দাও। ১০

**অথবা**

(জ) চণ্ডীমঙ্গল কাব্যের পুনর্নির্মাণ হিসেবে 'ফুল্লকেতুর পালা' নাটকটি একটি স্বতন্ত্র সৃষ্টি — আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) "কিন্তু তবু রবীন্দ্রনাথ অসম্পূর্ণ" — লেখকের কেন রবীন্দ্রনাথকে অসম্পূর্ণ মনে হয়েছে ? কীভাবে তা সম্পূর্ণতা পাবে ? ২+৩

(খ) "নীচের আজ স্পর্ধা ব্রাহ্মণকে দেখে একটা শুষ্ক প্রণামও কর্ত্তে তার হাত উঠে না !" ১+৪
— কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে, এরূপ বলার কারণ লেখো।

(গ) 'ফেরারী ফৌজ' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছিল ? প্রথম অভিনয় কোথায় হয়েছিল ? এ নাটকে শান্তিরায় কে ? তাকে কীভাবে হত্যা করা হয়েছিল ? ১+১+১+২

(ঘ) "রন্ধন করিব সবই ১+৪
শুন ব্যাধের পো
প্রথমে যা পাতে দুব
আগুতে এনে থো।" — বক্তা কে ? প্রসঙ্গসহ তাৎপর্য ব্যাখ্যা করো।

———×———

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 6th Semester Examination, 2023

## BNGACOR14T-BENGALI (CC14)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'ইংরাজদের দেখিলেই বলিষ্ঠ, সাহসী, পরিশ্রমী ও বুদ্ধিমান বলিয়া বোধ হয়।' — উক্তিটির আলোকে ইংরেজ জাতি ও তাদের প্রকৃতি সম্পর্কে আলোচনা করো। ১০

**অথবা**

(খ) 'ইংল্যাণ্ডে বঙ্গমহিলা' গ্রন্থ অবলম্বনে উনিশ শতকের ইংল্যাণ্ডে প্রচলিত শিক্ষাব্যবস্থার স্বরূপটি নিজের ভাষায় লেখো। ১০

**একক-২**

(গ) 'য়ুরোপ-প্রবাসীর পত্র' গ্রন্থ অবলম্বনে লেখকের লন্ডন শহর সম্পর্কিত অভিজ্ঞতার পরিচয় দাও। ১০

**অথবা**

(ঘ) 'য়ুরোপ-প্রবাসীর পত্র' গ্রন্থে পরিহাসপ্রিয় রবীন্দ্রনাথের যে পরিচয় পাওয়া যায় সে-সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

**একক-৩**

(ঙ) সৈয়দ মুজতবা আলী রচিত 'দেশে বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের ইতিহাস ও সংস্কৃতির যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) সৈয়দ মুজতবা আলীর 'দেশে বিদেশে' গ্রন্থটি কোন্ প্রেক্ষিতে সরল, মেধাবী এবং বর্ণময় তা' আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) 'হে পূর্ণ তব চরণের কাছে' গ্রন্থ অবলম্বনে লেখিকার কেদার-বদ্রী ভ্রমণের অভিজ্ঞতার বিবরণ নিজের ভাষায় লেখো। ১০

**অথবা**

(জ) ভ্রমণসাহিত্য হিসাবে 'হে পূর্ণ তব চরণের কাছে' গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো। ১০

## বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ‘পারসি কাহাদের বলে তাহা বোধহয় আমার দেশীয় ভগিনীদের মধ্যে অনেকে জানেন না।’ — বক্তা কে ? তিনি পারসিদের সম্পর্কে কী জানিয়েছেন ? ১+৪

(খ) ব্রাইটনের মেডিনা ভিলেজ সম্পর্কে যে বর্ণনা রবীন্দ্রনাথ ‘য়ুরোপ-প্রবাসীর পত্র’ গ্রন্থে দিয়েছেন তা লেখো। ৫

(গ) ‘বাকি জীবন সে ওই পঁয়তাল্লিশ নম্বরের ভানুমতী কখনো কাটিয়ে উঠতে পারেনি।’ — ভানুমতী কে ? উদ্ধৃত উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো। ১+৪

(ঘ) ‘ওকে আমি চিনিই না। নৌকর হ্যায়।’ — উক্তিটি কার ? এই কথার মধ্যে বক্তার মানসিকতার যে পরিচয় ফুটে উঠেছে তা প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ১+৪

——×——

# WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 6th Semester Examination, 2023

## BNGADSE05T-BENGALI (DSE3/4)

## বাংলা কথাসাহিত্য : মন্বন্তর, দাঙ্গা ও দেশভাগ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

#### একক-১

(ক) দেশভাগ-এর যন্ত্রণা ও বিপন্নতার কথকতা হয়ে উঠেছে এমন কয়েকটি বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

(খ) ছেচল্লিশের দাঙ্গা-রাজনীতির ট্র্যাজিক অধ্যায় বাংলা ছোটোগল্পের জগৎকে কতটা প্রভাবিত করেছে, নির্বাচিত কয়েকটি গল্প অনুসরণে তা নির্দেশ করো। ১০

#### একক-২

(গ) গ্রামীণ কৌম সমাজে মন্বন্তরের বাস্তবতা এবং সম্ভাব্য ভয়াবহতার ইঙ্গিত বিভূতিভূষণের ‘অশনি-সংকেত’ উপন্যাসকে বিশেষ সময়-চিহ্নিত করেছে — আলোচনা করো। ১০

অথবা

(ঘ) ‘অশনি-সংকেত’ উপন্যাসে দুর্ভিক্ষের কালিমার বিপরীতে বিরাজ করছে অনঙ্গ বৌ-এর অন্তরের মমতা ও ঔদার্যের শ্বেতশুভ্র মহিমা — আলোচনা করো। ১০

#### একক-৩

(ঙ) দেশভাগ-এর বাস্তব-ব্যথিত আখ্যান হিসেবে ‘আগুনপাখি’ উপন্যাস কতখানি সার্থক তা’ বিশ্লেষণ করো। ১০

অথবা

(চ) ‘আগুনপাখি’ নামকরণের মধ্যে নিহিত আছে রাষ্ট্রিক বিপর্যয়, রাজনৈতিক দহনকে আত্মলীন করে নেওয়ার এক অলৌকিক প্রায় সামর্থ্য। — আলোচনা করো। ১০

একক-৪

(ছ) দেশভাগ আর স্বাধীনতার সন্ধিক্ষণে ধূর্ত মুখোশধারী দেশভক্তের অসৎ অভিপ্রায় সতীনাথ ভাদুড়ির 'গণনায়ক' গল্পে কীভাবে বিধৃত হয়েছে তার পরিচয় দাও। ১০

অথবা

(জ) যুদ্ধ ও দুর্ভিক্ষের অভিঘাত, বিবেকহীন ধনতন্ত্রের নির্দয়তা এবং শেষত 'মন্ত্র'-সিদ্ধ অস্ত্রে সমাজ পরিবর্তনের প্রত্যাশা 'হাড়' গল্পকে স্বাতন্ত্র্য-চিহ্নিত করেছে। — আলোচনা করো। ১০

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) মন্বন্তরের প্রেক্ষাপটে লেখা একটি ছোটোগল্পের শিল্প কুশলতার পরিচয় দাও। ৫

(খ) 'ক্যামন স্বভাব ছেল তার। ইটখোলার সেই এক ব্যাটার সঙ্গে — তুমি সতীনক্ষি, সে সব তোমার সঙ্গে বলব না।' ১+১+৩

— বক্তা কে ? কার সম্পর্কে তার এই উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করে এই বিপথগামিতার কারণ নির্দেশ করো।

(গ) 'ঐ লোভ আমাকে তুমি আর দেখিয়ো না। চারাগাছ এক জায়গা থেকে আর জায়গায় লাগাইলে হয়, এক দ্যাশ থেকে আর দ্যাশে লাগাইলেও বোধায় হয়, কিন্তুক গাছ বুড়িয়ে গেলে আর কিছুতেই ভিন্ মাটিতে বাঁচে না।' — কোন্ প্রসঙ্গে এই বক্তব্যের অবতারণা ? বক্তব্যটির নিহিতার্থ পরিস্ফুট করো। ২+৩

(ঘ) 'এসেছেন আপনি — আর সময় নেই — আমি মুসলমান — কিরণ নয় — সামেদ — কি হবে ? কি হবে ? — কে প্রায়শ্চিত্ত করবে ? — ওদের মার্জনা — বুঝছে না কেন ওরা ?' ১+১+৩

— কোন্ গল্পের অংশ ? কোন্ প্রেক্ষাপটে কিসের প্রায়শ্চিত্ত সংক্ষেপে বুঝিয়ে লেখো।

——×——